

বাংলাদেশ পাটকল করপোরেশন

আদমজীকোট, মতিঝিল, ঢাকা।

আন্তঃ বিভাগীয় পত্র

২৪.০৪.০০০০/২০৬.৪২.০০০৪ (অংশ নথি).১৯- ২২৬

তারিখ : ০১/০৮/২০১৯ খ্রিঃ।

হতে

ব্যবস্থাপক (প্রশাঃ ও সাঃ সেবা),
বিজেএমসি, ঢাকা।

প্রতি

ব্যবস্থাপক (জনসংযোগ),
বিজেএমসি, ঢাকা।

বিষয়ঃ সংস্কার ২ ও ৬ নং বুটের স্টাফবাস/ গাড়ী ভাড়ার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সংস্কার ২ ও ৬ নং বুটের কর্মকর্তা কর্মচারীদের অফিসে আনা-নেয়ার নিমিত্ত পরিবহন ঠিকাদার নিয়োগের লক্ষ্যে সংযুক্ত বিজ্ঞপ্তি পূর্বের ধারাবাহিকতার আলোকে (৫x৩ ইঞ্চি কলামে) বহল প্রচারিত ২টি দৈনিক পত্রিকায় (একটি বাংলা ও একটি ইংরেজী) প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষের অনুমোদন এতদ্বারা অবহিত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(তানজিলা মহমুদা)

অনুলিপিঃ

- ১) উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিজেএমসি, ঢাকা- বিজ্ঞপ্তিটি সংস্কার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ২) সচিব মহোদয়ের সহঃ সমন্বয় কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।
- ৩) মহাব্যবস্থাপক (প্রশাঃ ও সাঃ সেবা) মহোদয়ের সহঃ সমন্বয় কর্মকর্তা, বিজেএমসি, ঢাকা।
- ৪) অফিস কপি/ মাস্টার ফাইল।

৬০৫৫-৫১৩৩

বাংলাদেশ পাটকল করপোরেশন
আদমজী কোর্ট মতিঝিল, ঢাকা।

বিষয়ঃ- স্টাফবাস/গাড়ী ভাড়ার বিজ্ঞাপন।

বাংলাদেশ পাটকল করপোরেশনের কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আনা-নেয়া করার জন্য নিম্নবর্ণিত ২ ও ৬ নং রুটের জন্য ৫২ সিটের স্টাফবাস মাসিক ভিত্তিতে ২ বছরের জন্য (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) ভাড়া করার লক্ষ্যে প্রকৃত যানবাহন মালিক/ঠিকাদার এর নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

১। রুট ২ ও ৬ এর বিবরণ নিম্নরূপঃ

- (ক) রুট নং-২ :- বিজেএমসি প্রধান কার্যালয়, আদমজী কোর্ট মতিঝিল হতে সায়েদাবাদ, যাত্রাবাড়ী, কোনাপাড়া, ডেমরা, স্টাফ কোয়ার্টার, সারণলিয়া বাজার হয়ে বড়ভাঙ্গা পর্যন্ত।
- (খ) রুট নং-৬ :- বিজেএমসি প্রধান কার্যালয়, আদমজী কোর্ট মতিঝিল হতে সায়েদাবাদ, যাত্রাবাড়ী, সাদ্দাম মার্কেট, ভূইগড়, চাষাড়া হয়ে নারায়নগঞ্জ পর্যন্ত।

২। রুট, ভাড়া সম্পর্কিত ও অন্যান্য শর্তাবলীর বিস্তারিত বিবরণ সিডিউলে পাওয়া যাবে। প্রতিটি সিডিউল ক্রয় বাবদ ৪০০/- (চারশত) টাকা মাত্র নগদ মূল্যে (অফেরতযোগ্য) আগামী ০৩/১০/২০১৯ তারিখ পর্যন্ত এ সংস্থার হিসাব বিভাগের ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। দরপত্রের সাথে প্রতিটি রুটের প্রতিটি গাড়ির জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা আর্নেস্ট মানি হিসেবে যে কোন সিডিউল ব্যাংক হতে পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট আকারে জমা দিতে হবে (ফেরতযোগ্য)।


৩। বাসের বৈধ ট্যাক্স টোকেন, রুট পারমিট, ট্রেড লাইসেন্স, ভ্যাট ও রেজিস্ট্রেশন সনদ, বৈধ ইনকাম ট্যাক্স সনদ, ট্রেডিংসহ গাড়ির ব্লু-বুক সহ সিএনজি সিলিন্ডার রি-টেস্টিং হালনাগাদ হতে হবে।


৪। আগামী ০৩/১০/২০১৯ তারিখ বেলা ১২.৩০ ঘটিকা পর্যন্ত সাধারণ সেবা ও পরিবহন শাখা (৬ষ্ঠ তলা), বিজেএমসি, আদমজী কোর্ট, এনেক্স-১, ১১৫-১২০, মতিঝিল বা/এ, ঢাকায় রক্ষিত দরপত্র বাঞ্ছিত দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।


৫। দরপত্রের অন্যান্য বিষয় ও শর্তাবলী সিডিউলে পাওয়া যাবে।

৬। কর্তৃপক্ষ যে কোন কারণ ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

বিজ্ঞাপনটি বিজেএমসির ওয়েবসাইট www.bjmc.gov.bd তে দেখা যাবে।


মোঃ খালিলুর রহমান
সহঃ ব্যবস্থাপক (হিঃ ও অর্থঃ)


ইঞ্জি. এ.এ.এম. মাসুম
সহঃ পরিবহন শাখা


তানজিমুল হক
সহঃ পরিবহন শাখা